কুরসী ‘আরশের তুলনায় যমীনের বিশাল মরুভুমির উপর একটি লোহার আংটির মতো।

আবূ যার গিফারী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “কুরসী ‘আরশের তুলনায় যমীনের বিশাল মরুভুমির উপর একটি লোহার আংটির মতো।” [সহীহ] [এটি ইবন আবী শাইবাহ ‘আল-আরশ’ নামী কিতাবে বর্ণনা করেছেন। - এটি আয-যাহাবী “আল-উলু” কিতাবে
বর্ণনা করেছেন]

আবূ যার রাদিয়াল্লাহু ‘আনহুর হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দেন যে, কুরসী প্রসস্থ ও মহান হওয়ার বিবেচনায় আরশের তুলনায় একটি লোহার আংটির মতো, যা জমিনের বিশাল মরুভুমির সামনে রাখা হয়। এটি তার স্রষ্টার মহত্ব ও তার পরিপূর্ণ কুদরতের প্রমাণ বহন করে।

https://sunnah.global/hadeeth/bn/show/3413